139

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 27 MAY 1995 ...
পৃষ্ঠা 2 কলাম 8 ...

# ঢাকা বিশ্ববিদ্যালয় 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয় 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। তবে গত ২১ এপ্রিলের তুলনায় পরীক্ষার্থীদের উপস্থিতি ছিল কম। উল্লেখ্য, প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে ২১ এপ্রিল অনুষ্ঠিত ভর্তি পরীক্ষা বাতিল করা হয়।

জানা যায়, উক্ত ইউনিটের এক হাজার পাঁচ 'শ' আসনের জন্য আবেদনকারীর সংখ্যা ছিল ১৭ হাজার ত্রিশ জন। এদের মধ্যে দেড় সহস্রাধিক পরীক্ষার্থী দ্বিতীয় দফায় পরীক্ষা দিতে আসেনি। এবারের ভর্তি পরীক্ষার ইংরেজী প্রশ্ন বেশ কঠিন হয়েছে বলে কয়েকজন পরীক্ষার্থী জানান। ভর্তি পরীক্ষার্থী রওশন আরা জানান, আগের দিনের তুলনায় ইংরেজী প্রশ্ন কঠিন মনে হয়েছে। উল্লেখ্য, ইংরেজীতে ২৫ নম্বরের মধ্যে পাঁচ নম্বর না পেলে ভাল স্কোর থাকা সত্ত্বেও কোন পরীক্ষার্থী ভর্তির সুযোগ পাবে না। এদিকে ভর্তি পরীক্ষায় অনুপস্থিতি সম্পর্কে কলা অনুষদ ডীন অধ্যাপক আমিনুল ইসলাম জানান, যারা প্রতিযোগিতামূলক পরীক্ষায় টিকতে পারবে না তারাই দ্বিতীয়বার পরীক্ষা দিতে আসেনি। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, অনভিপ্রেত একটি ঘটনার জন্য আমরা যে সময়টুকু হারিয়েছি তা পূরণ করার জন্য দ্রুতগতিতে খাতা দেখা শেষ করব।

এদিকে ভর্তি পরীক্ষার্থীদের শুভেচ্ছা জানিয়ে ছাত্রলীগ (শা-পা) ছাত্রদল ও ছাত্র ইউনিয়নসহ বিভিন্ন ছাত্র সংগঠন ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করে।